



এশিয়াটিক সোসাইটির ২০২২-২০২৩ সনের কাউন্সিল নির্বাচনে অধ্যাপক খন্দকার বজলুল হক-অধ্যাপক ছিদ্দিকুর রহমান প্যানেলের পরিচিতি অনুষ্ঠান



১২ জানুয়ারি ২০২২, বুধবার এশিয়াটিক সোসাইটির ২০২২-২০২৩ সনের কাউন্সিল নির্বাচনে অধ্যাপক খন্দকার বজলুল হক-অধ্যাপক ছিদ্দিকুর রহমান প্যানেলের পরিচিতি অনুষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ উপস্থিত ছিলেন।

এসময় প্যানেল পরিচিতি অনুষ্ঠানে সভাপতি পদপ্রার্থী ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনারারি অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, সাধারণ সম্পাদক পদপ্রার্থী ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান, প্যানেলের অন্যান্য প্রার্থীবৃন্দসহ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. আবুল হোসেন এবং অন্যান্য শিক্ষকবৃন্দ বক্তব্য প্রদান করেন।